



## শাহবাগ আন্দোলনের পেছনে দীর্ঘ রাজনৈতিক ইতিহাস : সাদিক কায়েম



ডাকসু ভিপি সাদিক কায়েম। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক আলোচনায় ডাকসু ভিপি সাদিক কায়েম বলেছেন, শাহবাগ আন্দোলন কোনো আকস্মিক ঘটনা নয়; এটি দীর্ঘ সময় ধরে চলা একটি রাজনৈতিক প্রক্রিয়ার পরিণতি। একই সঙ্গে তিনি শাপলা চত্বর ঘটনার পূর্ণাঙ্গ বিচারসহ একাধিক দাবি উত্থাপন করেন।

মঙ্গলবার (৫ মে) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন সংলগ্ন আর সি মজুমদার অডিটোরিয়ামে “শাপলা ও শাহবাগ: মুসলিম রাজনৈতিকতা ও বাঙালি জাতীয়তাবাদের দ্বন্দ্ব” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা এ আয়োজন করে। অনুষ্ঠান সঞ্চালনা করেন শাখা সেক্রেটারি কাজী আশিক।

আলোচনায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন এপি পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ এবং ‘সোচ্চার’-এর সভাপতি ড. শিবির আহমদ। তারা বিভিন্ন রাজনৈতিক আন্দোলনের প্রেক্ষাপট, রাষ্ট্রীয় নীতির প্রয়োগ এবং মানবাধিকার পরিস্থিতি নিয়ে তাদের মতামত তুলে ধরেন।

প্রধান অতিথির বক্তব্যে সাদিক কায়েম বলেন, অতীতের অনেক রাজনৈতিক ঘটনার সূঁ ও পূর্ণাঙ্গ বিচার হয়নি। বিশেষ করে শাপলা চত্বরের ঘটনাকে ঘিরে নতুন করে নিরপেক্ষ তদন্ত প্রয়োজন বলে তিনি মত দেন। তিনি দাবি করেন, এই ঘটনার প্রকৃত সত্য উদঘাটন ছাড়া ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব নয়।

তিনি পাঁচ দফা দাবি তুলে ধরেন। এর মধ্যে রয়েছে—শাপলা চত্বর ঘটনার জন্য তদন্ত কমিশন গঠন ও বিচার নিশ্চিত করা, ঘটনাটিকে রাষ্ট্রীয়ভাবে গণহত্যা হিসেবে স্বীকৃতি দেওয়া, ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে ক্ষতিপূরণ প্রদান, বিচার প্রক্রিয়ার স্পষ্ট রোডম্যাপ ঘোষণা এবং মানবাধিকার সংগঠন ও ভুক্তভোগী পরিবারগুলোর সঙ্গে সমন্বয় করে প্রকৃত হতাহতের সংখ্যা নির্ধারণ।

ছাত্রশিবির ঢাকা শাখার সভাপতি মুহা. মুহিউদ্দীন খান বলেন, শাপলা চত্বরের ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক ইতিহাস ও বিচারব্যবস্থা নিয়ে নতুন করে বিশ্লেষণ প্রয়োজন। আলোচনা সভায় শিক্ষার্থীদের উপস্থিতি ছিল উল্লেখযোগ্য, এবং শেষে সিরাত বিষয়ক প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কৃত করা হয়।